

আইআইইউসি'র অনুষ্ঠানে ভিসি প্রফেসর ড. আজহারুল ইসলাম জ্ঞানের শক্তিই হচ্ছে আসল শক্তি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কে.এম আজহারুল ইসলাম বলেছেন, জ্ঞানের শক্তিই হচ্ছে আসল শক্তি। জ্ঞানার্জন ছাড়া প্রকৃত মানুষ হওয়া সম্ভব নয়। আধুনিক ও সুন্দর সমাজ গড়তে হলে ধর্মীয় মূল্যবোধ ও বিজ্ঞানমনস্ক চিন্তার সমন্বিত জ্ঞান অর্জন করতে হবে।

আজ বৃহস্পতিবার সকালে আইআইইউসি'র স্টাফ ডেভেলপমেন্ট এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশন (এসডিএসডবলিউডি) আয়োজিত বৃত্তিধারী ছাত্রদের সাথে এক মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ অভিমত ব্যক্ত করেন। বিশ্ববিদ্যালয়ের এসডিএসডবলিউডি'র পরিচালক এবং বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অতিথি হিসাবে বক্তব্য রাখেন আইআইইউসি'র ট্রাস্ট সদস্য ও ওমানের বিশেষজ্ঞ প্রকৌশলী খালেদ হেলাল আল হাশেমী, ওমান ইউনিভার্সিটির প্রফেসর ড. জুমা খাদেম আল আলাভী আইআইইউসি'র ফিমেল সেকশন চীফ প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান। স্বাগতঃ বক্তব্য রাখেন স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন-এর পরিচালক আ.জ.ম. ওবায়দুল্লাহ। অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিএসডবলিউডির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মাহফুজুর রহমান।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, ইহজাগতিক ও পারলৌকিক জগতের মধ্যে সেতুবন্ধনের ভিত্তি হচ্ছে জ্ঞান। সর্বক্ষেত্রে তিনিই শীর্ষ বলে গণ্য হবেন, যিনি জ্ঞানী। তিনি আরো বলেন, এই বিশ্ববিদ্যালয়ে বৃত্তি প্রদানের ক্ষেত্রে আর্থিক পৃষ্ঠপোষকতা প্রদান করা হয় তার নজির বাংলাদেশের আর কোথাও নেই। এ প্রসঙ্গে আইআইইউসি'র ছাত্র-ছাত্রীদেরকে বছরে তিন কোটি টাকার বৃত্তি প্রদান করা হয় বলে তিনি উল্লেখ করেন।

সভাপতির বক্তব্যে বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ বলেন, প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে আত্মসম্মানবোধকে সম্মুন্নত রাখতে হবে। মানুষকে মানবকল্যাণের জন্য সৃষ্টি করা হয়েছে। মেধাবীদের মেধা মানুষের কল্যাণে নিবেদিত হওয়ার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। আইআইইউসি মেধা ও মননশীলতাকে উৎসাহিত ও পৃষ্ঠপোষকতা প্রদান করে যাচ্ছে। ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য কেবল এই বেসরকারী বিশ্ববিদ্যালয়েই এই কল্যাণমূলক ডিভিশন রয়েছে। তিনি বলেন, জ্ঞানী লোকের অভাব নেই, নৈতিকতা সম্পন্ন লোকের অভাব। তাই আইআইইউসি বৃত্তিধারীদের জন্য নৈতিক শিক্ষার বিশেষ ব্যবস্থা রেখেছে। অদূর ভবিষ্যতে ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তি প্রদানের পরিমাণ ও সংখ্যা বৃদ্ধি পাবে বলে তিনি উল্লেখ করেন। ---প্রেস বিজ্ঞপ্তি